

advertisement

যুক্তরাষ্ট্রে বাংলাদেশি শিক্ষার্থীর সংখ্যা সর্বোচ্চ পর্যায়ে

কূটনৈতিক প্রতিবেদক

১৯ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৯ নভেম্বর ২০১৯ ০০:৪২



যুক্তরাষ্ট্রে
আমাদেরসময়

যুক্তরাষ্ট্রে অধ্যয়নরত বাংলাদেশি শিক্ষার্থীর সংখ্যা বেড়ে রেকর্ড ৮ হাজার ২৪৯-এ পৌঁছেছে। ইন্টারন্যাশনাল এডুকেশন এক্সচেঞ্জ-বিষয়ক ২০১৯ সালের ‘ওপেন ডোরস রিপোর্ট’ এ তথ্য প্রকাশ করেছে। যুক্তরাষ্ট্রে অধ্যয়নরত বাংলাদেশি শিক্ষার্থীর এ হার সর্বকালের সর্বোচ্চ। এতে দেখা যাচ্ছে, ২০১৮ সালের রিপোর্টের তুলনায় শিক্ষার্থী ১০ শতাংশ বৃদ্ধি পেয়েছে, আর ২০০৯ সাল থেকে তা বেড়ে হয়েছে তিনগুণের বেশি।

ওপেন ডোরসের রিপোর্টে বলা হয়, যুক্তরাষ্ট্রে শিক্ষার্থী পাঠানোর হার সবচেয়ে দ্রুত বেড়ে চলা দেশগুলোর একটি বাংলাদেশ। যুক্তরাষ্ট্রে শিক্ষার্থী পাঠানো দেশগুলোর মধ্যে বিশ্বে এখন এর অবস্থান বিশতম। আর বাংলাদেশ শীর্ষ ২৫-এর মধ্যে একমাত্র দেশ, ২০১৮ সালের রিপোর্টের পর থেকে যাদের দুই অঙ্কের প্রবৃদ্ধি ঘটেছে।

এ বিষয়ে বাংলাদেশের প্রবৃদ্ধি দক্ষিণ এশিয়ায় সর্বোচ্চ। যুক্তরাষ্ট্রে অধ্যয়নরত মোট ৮ হাজার ২৪৯ জন বাংলাদেশি শিক্ষার্থীর মধ্যে ৫ হাজার ২৭৮ জন স্নাতক পর্যায়ে পড়ে, যা ২০১৭-১৮ শিক্ষাবর্ষের তুলনায় ১৩.৫ শতাংশ বেশি।

advertisement